

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে ময়মনসিংহ বিভাগীয় কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	: উম্মে সালমা তানজিয়া বিভাগীয় কমিশনার ময়মনসিংহ
সভার তারিখ ও সময়	: ২৬/১২/২০২৩ খ্রি. দুপুর ১২.৩০ মিনিট
সভার স্থান	: বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-“ক”

সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। সভাপতি ই-নথি, ই-গভর্নেন্স, ইনোভেশন, জাতীয় শুদ্ধাচার কৌশল এবং তথ্য অধিকার আইনের বাস্তবায়ন বিষয়ে অধিক গুরুত্ব দিয়ে কাজ করার আহ্বান জানান। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
গত সভার কার্যবিবরণী অনুমোদন	গত ২৫/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়।	গত ২৫/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহে কোন সংশোধন/সংযোজন প্রস্তাবনা থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	অতি. বিভাগীয় কমিশনার (সার্বিক)
ই-নথি ও ইনোভেশন	সভায় দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে নিষ্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। প্রতিটি দপ্তরের ইনোভেশন কার্যক্রম পরীক্ষণের বিষয়ে আলোচনা হয়।	১। দাপ্তরিক কাজে ই-নথি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স কর্মপরিকল্পনায় নির্ধারিত সূচক বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে এবং তা হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ
ত্রৈমাসিক প্রতিবেদন আপলোড ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও আপলোড করার বিষয়ে আলোচনা হয়।	১। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আগামী ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও এপিএএমএস সফটওয়্যারে আপলোড করতে হবে। ২। বিভাগীয় সকল দপ্তরকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের অনুলিপি অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ
২০২৩-২৪ অর্থবছরের এপিএ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তন প্রদান	২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অর্ধবার্ষিক ফলাবর্তনের বিষয়ে আলোচনা হয়।	২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধান এবং জেলা প্রশাসকগণকে আওতাধীন দপ্তরসমূহকে আগামী ৩০/০১/২০২৪ তারিখের মধ্যে অর্ধবার্ষিক ফলাবর্তন প্রদান করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ



মনিটরিং ও পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত	এপিএ কার্যক্রম মনিটরিং ও পরিদর্শনের সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	১। জেলা পর্যায়ের এপিএ কমিটির কার্যক্রম মনিটরিং করতে হবে। ২। পরিদর্শন/দর্শনের নির্দেশনা/ সুপারিশসমূহের বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ
২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা	সভায় ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়নে বিভাগীয় দপ্তরের আওতাধীন দপ্তরসমূহ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ তদারকিসহ প্রতি ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কার্যালয়ে প্রেরণ এবং এপিএএমএস সফটওয়্যারে আপলোড সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	১. এপিএ সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ এপিএ টিমের সকল সদস্যদের নিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করতে হবে। ২. সকল কর্মচারীদের এপিএ বিষয়ক জ্ঞান অর্জনের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ

পরিশেষে সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সকলকে যথাযথভাবে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(উম্মে সালমা তানজিয়া)

বিভাগীয় কমিশনার  
ময়মনসিংহ

ফোন: ০২-৯৯৬৬৬১৪৪৪


ই-মেইল: divcommymensingh@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৫.০০০০.০১২.১৮.০০৮.২১.১৩৯

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. ...., সদস্য,  
এপিএ সংক্রান্ত বিভাগীয় কমিটি, ময়মনসিংহ বিভাগ।
৫. জেলা প্রশাসক, জামালপুর/শেরপুর/নেত্রকোণা।
৫. অফিস কপি।

  
(মোঃ আরিফুল ইসলাম)  
সিনিয়র সহকারী কমিশনার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
ময়মনসিংহ